যুগান্তর

30 2002

তারিখ ........
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ঢাবি ক্যাম্পাসে গাছকাটা আন্দোলনের প্রতিবাদে ছাত্রদলের সমাবেশ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গাছকাটার বিরুদ্ধে বিভিন্ন ছাত্র সংগঠনের আন্দোলনের প্রতিবাদে ছাত্রদল গতকাল মিছিল-সমাবেশ করেছে। মিছিল নিয়ে

ছাত্রদল : পৃষ্ঠা : ৭ কলাম : ৩

## ছাত্রদল : গাছকাটা

(৩য় পৃষ্ঠার পর)

ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে ডাকসু ভবনের সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়।

সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখা সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন আসাদুজ্জামান আসাদ, ওমর ফারুক শাফিন, কামরুল হাসান চৌধুরী, শাহজাহান মিয়া, সরদার নুরুজ্জামান প্রমুখ। নেতৃবৃন্দ বলেন, পরিবেশবাদের ধুয়া তুলে কয়েকটি ছাত্র সংগঠন বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন কাজে বাধা দিয়ে ক্যাম্পাসের শান্ত পরিবেশকে উত্তপ্ত করার ষড়যন্ত্র করছে। ক্যাম্পাসকে অস্থিতিশীল করার যে কোন ষড়যন্ত্র ছাত্রসমাজকে সঙ্গে নিয়ে প্রতিহত করব। তারা আরও বলেন, বিগত সরকারের সময় ছাত্রলীগ গাছ কেটে অর্থ আত্মসাৎ করেছে। উল্লেখ্য, কেন্দ্রীয় লাইব্রেরি এলাকায় গাছ কেটে 'বাংলাদেশ-ইরান পার্সিয়ান সেন্টার' নির্মাণের প্রতিবাদে ছাত্রদল ছাড়া সব ছাত্র সংগঠন প্রতিবাদ বিক্ষোভ অব্যাহত রেখেছে।